# মধ্যপ্রাচ্যের সংকট সমাধানে যুক্তরাষ্ট্রের প্রয়োজন নেই: পেজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সহায়তা ছাড়াই মধ্যপ্রাচ্যের দেশগুলো নিজেদের আঞ্চলিক সংকট সমাধান করতে পারবে বলে মন্তব্য করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। মঙ্গলবার (২৭ অক্টোবর) মস্কোয় গ্যাস রপ্তানিকারক দেশগুলোর ফোরামের শীর্ষ সম্মেলনের ফাঁকে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠকে তিনি এ কথা বলেন। খবর জিনহুয়ার।

বৈঠকে ইরান-রাশিয়ার দ্বিপক্ষীয় বাণিজ্য বাড়ানোর বিষয়ে সন্তোষ প্রকাশ করেন পেজেশকিয়ান। তিনি বলেন, মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের একতরফা পদক্ষেপের ফলে মার্কিন নিষেধাজ্ঞার আওতায় থাকা দেশগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা ও বহুপক্ষীয় সম্পর্ক জোরদারের সুযোগ তৈরি হয়েছে।

এদিকে মধ্যপ্রাচ্যের চলমান সংঘাত নিয়ে উদ্বেগ জানান পুতিন। দ্রুত পরিস্থিতির উন্নতি হবে বলে আশা প্রকাশ করেন তিনি। বৈঠকে দুই দেশের মধ্যে সংস্কৃতি, নিরাপত্তা ও সামরিক খাতে সহযোগিতা বাড়ানোর বিষয়েও আলোচনা হয়।

LENS ASIA